

ঢাবি আইবিএতে এসিবিএ সনদ বিতরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশ: ১২ জুন, ২০২৬ ২২:৩১



ছবি: কালের কণ্ঠ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ) পরিচালিত অ্যাডভান্সড সার্টিফিকেট ইন বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এসিবিএ) কর্মসূচির ব্যাচ-২১-এর সনদ বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শুক্ৰবার (১২ জুন) বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আইবিএর পরিচালক অধ্যাপক ড. আবু ইউসুফ মো. আব্দুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. মো. কবির আহমেদ।

অনুষ্ঠানে আরো বক্তব্য দেন এসিবিএর মডারেটর ড. মো. মহিউদ্দিন এবং ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট প্রোগ্রামের (এমডিপি) সমন্বয়কারী অধ্যাপক মো. রিদওয়ানুল হক।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. আবদুস সালাম সনদপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে বলেন, পেশাগত জীবনে সফল হতে নেতৃত্বগুণ, সততা ও ধারাবাহিক আত্মোন্নয়নের বিকল্প নেই।

তিনি অংশগ্রহণকারীদের অর্জিত জ্ঞান ও দক্ষতা
কর্মক্ষেত্রে কাজে লাগানোর আহ্বান জানান।

সভাপতির বক্তব্যে অধ্যাপক ড. আবু ইউসুফ মো.
আব্দুল্লাহ অংশগ্রহণকারীদের নিষ্ঠা ও অধ্যবসায়ের
প্রশংসা করেন। একই সঙ্গে দক্ষ ব্যবসায়িক নেতৃত্ব গড়ে
তুলতে মানসম্মত নির্বাহী শিক্ষা কার্যক্রম পরিচালনায়
আইবিএর অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

অনুষ্ঠানে আইবিএর শিক্ষকমণ্ডলী, বিভিন্ন করপোরেট
প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং সনদপ্রাপ্তরা উপস্থিত ছিলেন।

সনদ গ্রহণকে ঘিরে পুরো অনুষ্ঠানে উৎসবমুখর পরিবেশ
বিরাজ করে। পরে অংশগ্রহণকারীদের সম্মানে
নৈশভোজের আয়োজন করা হয়।